[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

হাওয়াসহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। তাই এসব এলাকার নদীবন্দরসমূহকে ১ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

বর্তমানে মৌসুমি বায়ুর অক্ষ পাঞ্জাব, হরিয়ানা, উত্তর প্রদেশ, মধ্যপ্রদেমের পূর্বাংশ, বিহার, পশ্চিমবঙ্গ ও বাংলাদেশের মধ্যাঞ্চল হয়ে আসাম পর্যন্ত বিস্তৃত রয়েছে। এর একটি বর্ধিতাংশ উত্তর বঙ্গোপসাগর পর্যন্ত বিস্তৃত রয়েছে।

এ অবস্থায় রোববার (৫ জুলাই) নাগাদ রংপুর, ময়মনসিংহ, সিলেট, বরিশাল ও চট্টগ্রাম বিভাগের অধিকাংশ জায়গায়, ঢাকা ও খুলনা বিভাগের অনেক জায়গায় এবং রাজশাহী বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ী দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেইসঙ্গে দেশের কোথাও কোথাও মাঝারি ধরনের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে।

এসময় সারা দেশে দিন ও রাতের তাপমাত্রা সামান্য হ্রাস পেতে পারে। তবে ঢাকার তাপমাত্রা ও বাতাসের আদ্রতার পরিমাণ দু’টো বেশি থাকার কারণে গরম কমছে না। গত ২৪ ঘণ্টা রাজধানীতে সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৫ ডিগ্রি সেলসিয়াসের উপরে। আর শনিবার সকালে বাতাসের আদ্রতার পরিমাণ ছিল ৮৯ শতাংশ।

সূত্র- বিডি-প্রতিদিন

২০১১ বিশ্বকাপ ফাইনাল নিয়ে সন্দেহের কোনো অবকাশ নেই: আইসিসি

২০১১ সালের ক্রিকেট বিশ্বকাপের ফাইনাল ম্যাচে ভারত-শ্রীলঙ্কার ম্যাচটি পাতানোর অভিযোগ করেন শ্রীলঙ্কার সাবেক ক্রীড়ামন্ত্রী মহিন্দানন্দ আলুথগ্যামেজ। তবে তদন্তে কোনো তথ্য প্রমাণ পায়নি আইসিসি ও শ্রীলঙ্কার পুলিশ।

শুক্রবার (৩ জুলাই) আইসিসির পক্ষ থেকে জানানো হয়েছে, শ্রীলঙ্কা

ক্রিকেট এই মর্মে কোনো তথ্য প্রমাণ দিতে পারেনি। যে কারণে সেই তদন্তেরও কোনো গুরুত্ব নেই।

অপরদিকে শ্রীলঙ্কা পুলিশ জানিয়েছে, আলুথগ্যামেজের অসমর্থিত দাবির পক্ষে কোনো প্রমাণ পাওয়া যায়নি।

আইসিসির অ্যান্টি দুর্নীতি ইউনিটের জেনারেল ম্যানেজার আলেক্স মার্শাল এক বিবৃতিতে বলেছেন, আইসিসি মেনস ক্রিকেট বিশ্বকাপ ফাইনাল ২০১১ এর নিরপেক্ষতা নিয়ে সন্দেহ করার কোনো কারণ আমাদের নেই।

তিনি বলেন, আইসিসি ইন্টিগ্রিটি ইউনিট আইসিসি পুরুষদের ক্রিকেট বিশ্বকাপ ফাইনাল ২০১১ সম্পর্কিত সাম্প্রতিক অভিযোগের বিষয়টি খতিয়ে দেখেছে।

এসিইউ হেড আরও বলেন, এই মুহুর্তে আমাদের কাছে এমন কোনো প্রমাণ পেশ করা হয়নি যা দাবির পক্ষে সমর্থন দেয় বা যা আইসিসির দুর্নীতি দমন আইনের অধীনে তদন্ত শুরু করার যোগ্যতা অর্জন করবে।

তদন্ত বন্ধ হওয়ার আগে শ্রীলঙ্কার প্রাক্তন তিন অধিনায়ক অরবিন্দ ডি সিলভা (২০১১ বিশ্বকাপের সময় নির্বাচকদের চেয়ারম্যান), কুমার সাঙ্গাকারা (অধিনায়ক) এবং মাহেলা জয়াবর্ধনে (ফাইনালে সেঞ্চুরিয়ান) তাদের বিবৃতি দিয়েছেন।

এনডিটিভি

খালেদা জিয়ার সময় কাটছে যেভাবে

দুই বছরের বেশি সময় ধরে কারাবন্দি থাকার পর মানবিক কারণে দণ্ড স্থগিত করে শর্ত সাপেক্ষে ৬ মাসের জন্য মুক্তির তিন মাস পেরিয়েছে বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার। গত ২৫ মার্চ থেকে গুলশানের বাসা ফিরোজায় আছেন তিনি।

বিএনপি চেয়ারপারসনের ব্যক্তিগত চিকিৎসক টিমের অন্যতম প্রফেসর ডা. জাহিদ হোসেন বলেন, ‘ওনার স্বাস্থ্যের অবস্থা স্থিতিশীল। উন্নতি

হয়নি আবার অবনতিও হয়নি। পূর্ণ সুস্থতার জন্য দীর্ঘ সময় লাগবে। আধুনিক চিকিৎসারও প্রয়োজন হবে। বাসায় থেকে সেটি সম্ভব হচ্ছে না।’ ৭৫ বছর বয়সি খালেদা জিয়া রিউম্যাটয়েড আথ্রাইটিস, ডায়াবেটিস, চোখ ও দাঁতের সমস্যায় ভুগছেন।

দলীয় সূত্রে জানা গেছে, করোনা পরিস্থিতির কারণে বিদেশে চিকিৎসার জন্য যেতে পারছেন না তিনি। তবে পরিস্থিতি স্বাভাবিক হলে সরকারের কাছে অনুমতি চাইবেন চিকিত্সা নিতে বিদেশে যাওয়ার জন্য। লন্ডনে যাওয়ার সম্ভাবনাই বেশি।

এদিকে করোনার মধ্যে আত্মীয়দের সান্নিধ্যে সময় কাটছে খালেদা জিয়ার। প্রায় প্রতিদিনই বিকেল বা সন্ধ্যায় ফিরোজায় যান বোন সেলিমা ইসলাম, ভাই শামীম এস্কান্দার ও তার স্ত্রী কানিজ ফাতেমা। মাঝেমধ্যে যান ভাতিজা শাফিন এস্কান্দার ও তার স্ত্রী অরনী এস্কান্দার, ভাতিজা অভিক এস্কান্দার ও ভাগ্নে শাহরিয়া হক। এ ছাড়া তার সময় কাটে নামাজ-এবাদত, পত্র-পত্রিকা পড়ে ও টিভি দেখে। খালেদা জিয়া নিয়মিত ফোনে লন্ডনে তার বড় ছেলে তারেক রহমানের সঙ্গে কথা বলেন। কুশল বিনিময় করেন পুত্রবধূ ডা. জোবাইদা রহমান ও নাতনি জাইমা রহমানের সঙ্গে। ছোট ছেলে মরহুম আরাফাত রহমান কোকোর স্ত্রী ও সন্তানদের সঙ্গেও প্রতিদিন কথা বলেন বেগম জিয়া। প্রয়োজন মতো দলের নেতাদের সঙ্গেও কথা বলছেন।

জানা গেছে, ২৫ সেপ্টেম্বর তার মুক্তির সময়সীমা ৬ মাস শেষ হওয়ার আগেই মেয়াদ বৃদ্ধি এবং দণ্ডাদেশ বাতিলের আবেদন করা হতে পারে।

সূত্র- ইত্তেফাক

শক্তি বাড়াতে অস্ত্র কিনছে ভারত

ভারতের সঙ্গে চীনের সীমান্ত উত্তেজনা এখন চরমে। উত্তেজনাকর পরিস্থিতিতে চীনকে মোকাবেলায় সেনাশক্তি বাড়াতে প্রায় ৩৮ হাজার ৯০০ কোটি ডলারের অস্ত্র ক্রয়ের অনুমোদন দিয়েছে ভারত।

আধুনিকীকরণে সাত হাজার ৪১৮ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে।

আর হিন্দুস্তান অ্যারোনটিকস লিমিটেড-হ্যাল থেকে সু-৩০ এমকেআই কেনার জন্য খরচ ধরা হয়েছে ১০ হাজার ৭৩০ কোটি টাকা। যুদ্ধবিমান ছাড়াও পিনাকা ক্ষেপণাস্ত্র ব্যবস্থা, বিএমপি অস্ত্রের আধুনিকীকরণ এবং সেনাবাহিনীর জন্য সফটওয়্যার ডিফাইন্ড রাডার, ভূমিতে হামলার দূরপাল্লার ক্রুজ মিসাইল সিস্টেম এবং বিমান ও নৌসেনার জন্য অস্ত্র ক্ষেপণাস্ত্র কেনার প্রস্তাবেও সবুজ সংকেত দিয়েছে ডিফেন্স অ্যাকিউজিশন কাউন্সিল।

এদিকে ২৭ জুলাই প্রথম ব্যাচে একসঙ্গে ছয়টি রাফাল যুদ্ধবিমান হাতে পেতে চলেছে ভারতীয় বিমান সেনা। গত মে মাসের শেষেই রাফাল জেট ভারতে চলে আসার কথা ছিল। কিন্তু বিশ্বজুড়ে করোনা সংক্রমণের জেরে উদ্ভূত পরিস্থিতিতে বিলম্ব হচ্ছে।

অস্ত্র তৈরির ক্ষেত্রে দেশের প্রতিরক্ষা খাতের সঙ্গে মাঝারি ছোট ও ক্ষুদ্র শিল্পগুলোকে যুক্ত করা হবে বলে বৈঠকে সিদ্ধান্ত হয়েছে।

এর জন্য কিছু প্রকল্পে দেশীয় পদ্ধতি ব্যবহারের ক্ষেত্রে ৮০ শতাংশ খরচ পড়েব। দেশের শিল্প ক্ষেত্রে ডিআরডিও নতুন প্রযুক্তি ব্যবহার করায় উন্নত মানের অস্ত্র তৈরি করা সম্ভব হচ্ছে। পিনাকা অ্যামিউনিশন, বিএমপি আর্মামেন্টের মানোন্নয়ন এবং সেনার রেডিও, স্থলভাগে অনেক দূরত্বে আঘাত করতে পারে এরকম ক্রুজ মিসাইল প্রায় ৮০ শতাংশ কম খরচে দেশে তৈরি করা হবে।

অস্ত্র তৈরির ডিজাইন এবং তার মানোন্নয়নের জন্য ২০ হাজার ৪০০ কোটি টাকার প্রস্তাব দেয়া হয়েছে।

নতুন এবং অতিরিক্ত মিসাইল তৈরি হলে তিন বাহিনীর শক্তি আরও বাড়বে বলে মনে করা হচ্ছে। পিনাকা মিসাইলের মতো অস্ত্র স্থলভাগে বেশি দূরত্বে আঘাত হানতে সক্ষম।

এক হাজার কিলোমিটার দূর থেকে নির্দিষ্ট লক্ষ্যে আঘাত করে পিনাকা মিসাইল। এ মিসাইল নৌ ও বিমানবাহিনীর শক্তি বৃদ্ধি করবে।

আলমডাঙ্গায় তৃতীয় বউকে ঘরে তুলেই বড় বউকে পিটিয়ে বের করে দিলেন কুয়েত প্রবাসী মোস্তাক

বিদেশ থেকে ফিরেই সদ্য বিবাহিত তৃতীয়তম স্ত্রীকে বাড়িতে তুলে বড় বউকে পিটিয়ে ঘর থেকে বের করে দিলেন কুয়েত প্রবাসী মোস্তাক। তিন বছরের শিশুকন্যা মাহা ও সাত মাসের শিশুপুত্র মোহাম্মদকে কোলে নিয়ে রাস্তায় দাঁড়িয়েছে বড় স্ত্রী নাজমা। খবর পেয়ে পুলিশ গিয়ে নাজমাকে ঘরে তুলে দিয়ে আসে। এরপর দীর্ঘ ৯ বছরের সংসার জীবনের শেষে দিনের বেলায় তারই ঘরে অন্য একটি মেয়েকে অঝোরে কাঁদতে থাকে নাজমা।

থানার এসআই জুয়েল বলেন, নাজমার অভিযোগ পেয়ে ওসি স্যারের নির্দেশে তাকে বাড়িতে তুলে দিয়ে এসেছি। তার স্বামী মোস্তাক বলেছে সে নাজমাকে তালাক দিয়েছে। তবে তালাকনামার কাগজ না দেখানো পর্যন্ত নাজমাকে ওই বাড়িতেই থাকতে বলেছি। এরপর পরবর্তী ব্যবস্থা নেওয়া হবে।

নাজমা জানান, সাত মাস আগে তার স্বামী মোস্তাক কুয়েত থেকে দেশে আসেন। এসেই আলমডাঙ্গার হাজিমোড়ের হোমিওপ্যাথি ডাক্তার রূপার সাথে তার পরিচয় হয়। পরিচয়ের পরপরই তাদের ভেতরে অন্যরকম সখ্যতা গড়ে ওঠে। দিনে ও রাতে মোস্তাক রূপাকে ঘরে এনে তার সামনেই তারা ফুঁর্তি করতো। প্রতিবাদ করলে মারধর করতো। বাড়ি থেকে বের করে দেওয়ার হুমকি দিত।

প্রতিবেশীরা জানায়, মোস্তাক দেশে এসে যে ক‘মাস ছিল সে রূপাকে বাড়িতে এনে রাখতো। বড় বউকে মারধর করতো। এ ঘটনা জানাজানি হলে পাড়ার লোকজন কয়েক দফা তাদেরকে হাতেনাতে ধরে ফেলে। তবে কিছুদিন পরেই মোস্তাক আবারো কুয়েতে পাড়ি জমান।

গত বুধবার (১ জুলাই) মোস্তাক আবারও দেশে ফিরে আসে। বাড়ি ফেরার সাথে সাথে রূপাও মোস্তাকের বাড়িতে এসে হাজির হয়। এবার মোস্তাক ঘোষনা দেয় সে সাত মাস আগেই রূপাকে বিয়ে করেছে এবং একই সাথে নাজমাকে তালাকও দিয়েছে। মুহুর্তে নাজমার আপন ঘর পর হয়ে যায়। নাজমা এতে প্রতিবাদ করলে মোস্তাক ও রূপা দুজনে মিলে দুই শিশুসহ তাকে বাড়ি থেকে পিটিয়ে বের করে দেয়। নাজমা পথে নেমে পড়ে।

প্রতিবেশীরা মোস্তাক ও রূপার ওপর ক্ষীপ্ত হয়ে ওঠে। তারা নাজমাকে থানা পুলিশকে জানাতে পরামর্শ দেয়। পরে পুলিশ গিয়ে নাজমাকে বাড়িতে তুলে দিয়ে আসে। তবে মোস্তাক নাজমাকে তালাক দেয়ার কোন কাগজপত্র দেখাতে পারেনি।

খোঁজ নিয়ে জানা গেছে, হারদী ইউনিয়নের লক্ষিপুর গ্রামের রবিউল খলিফার ছেলে মোস্তাক প্রথমে ঝিনাইদহের শাবানার সাথে বিয়ে করে। সেই সংসারে শাকিল নামের এক ছেলে রয়েছে তার। কয়েক বছরের মাথায় মোস্তাক প্রথম স্ত্রী শাবানাকে তালাক দিয়ে দেয়। ছেলে শাকিলের বয়স এখন কুড়ি বছর।

এরপর সে ২০১১ সালে চক মেহেরপুরের শামসুল হকের মেয়ে নাজমাকে বিয়ে করে। নাজমার সংসারে তিন বছরের শিশুকন্যা মাহা ও সাত মাসের মোহাম্মদ নামের একটি শিশুপুত্র রয়েছে। গত সাত মাস আগে কুয়েত থেকে মোস্তাক দেশে ফিরে আবারো শহরের হাজি মোড়ের হোমিও ডাক্তার রূপার সাথে পরিচয় হয়। পরিচয়ের পরপরই তারা দৈহিক সম্পর্কে জড়িয়ে পড়ে।

কুষ্টিয়ার মিরপুর উপজেলার কুর্শা গ্রামের আব্দুর রশিদের মেয়ে রূপারও এটি দ্বিতীয় বিয়ে বলে জানা গেছে। এরআগে চুয়াডাঙ্গার জয়রামপুর গ্রামের হেলাল নামের একটি ছেলের সাথে রূপার বিয়ে হয়। দেড় বছর আগে হেলালের সাথে রূপার ছাড়াছাড়ি হয়ে যায়।

রূপা জানিয়েছে, সাত মাস আগে মোস্তাক দেশে এলে তার বাড়িতে বাসা ভাড়া নিতে গিয়ে পরিচয় হয়। এরপর তারা একে অপরের সাথে ভালবাসার সম্পর্ক গড়ে তোলে। এর কিছুদিন পরই কুষ্টিয়ার মিরপুরের একটি কাজি অফিসে গিয়ে তারা বিয়ে করে।

মোস্তাক জানায়, একাধিক বিয়ে করা তো আইনেই আছে। আর সরকারী নিয়মে স্ত্রীকে তালাক দেওয়ারও নিয়ম আছে। আমি আগের স্ত্রীকে তালাক দিয়ে আরেকটি বিয়ে করেছি।

দুইটি শিশু সন্তানের জন্য এটা অন্যায় জানালে তিনি চুপ করে থাকেন। তবে সর্বপ্রথম স্ত্রী শাবানার ছেলে সাকিলের কথা তুলে ধরে তিনি বলেন, সেও তো বড় হয়েছে। তার বয়স এখন ২০ বছর।

নাজমা জানায়, তার পিতা দীর্ঘদিন ধরে অসুস্থ্য হয়ে বিছানায় পড়ে আছেন। বৃদ্ধ মা বাড়িতে। এখন তার আর অন্য কোথাও যাওয়ারও জায়গা নেই। তিনি জানান, কোলে তার দুইটি শিশু সন্তান। এই মাসুম দুইটি

বাচ্চাকে নিয়ে এখন কোথায় যাব? সন্তানদের ওপরে মোস্তাকের কোন মায়া-মহব্বত নেই।

মেহেরপুর প্রতিদিন এর ব্যবস্থাপনা সম্পাদক এর জন্মদিন পালন

মেহেরপুর প্রতিদিন এর ব্যবস্থাপনা সম্পাদক এর জন্মদিন পালন করা হয়েছে। শুক্রবার সন্ধায় সল্প পরিসরে মেহেরপুর প্রতিদিন এর প্রধান কার্যালয়ে এ উপলক্ষে কেক কাটার আয়েজন করা হয়। মাহাবুব চান্দু মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক এবং দৈনিক ইত্তেফাক পত্রিকার জেলা প্রতিনিধি হিসেবে দায়িত্ব পালন করছেন।

এ সময় উপস্থিত ছিলেন, মেহেরপুর প্রতিদিন এর সম্পাদক ইয়াদুল মোমিন, চীফ রিপোর্টার মর্তুজা ফারুক রুপক, মেহেরপুর জেলা ছাত্রলীগের সাবেক সভাপতি আব্দুর রাজ্জাক, মেহেরপুর প্রতিদিন এর আইটি ইনচার্জ রোকনুজ্জামান মিন্টু, স্টাফ রিপোর্টার ফয়সাল, পিয়াল, পারভেজ, মনির।

মেহেরপুর প্রতিদিন পত্রিকার প্রকাশক এম এ এস ইমন ঢাকায় থাকার কারনে ব্যবস্থাপনা সম্পাদকের জন্মদিনে ভার্চ্যুয়ালি শুভেচ্ছা জানিয়েছেন।

মেপ্র/এমএফআর

লবণপানি দিয়ে করোনা চিকিৎসা

করোনা ভাইরাস থেকে বাঁচতে আধুনিক চিকিৎসার বাইরে অনেকেই দাবি করছেন ঘরোয়া নানা কৌশলে সুস্থ হয়ে উঠেছেন তারা। করোনা ভাইরাস নিয়ে জনমনে আতঙ্ক যত বাড়ছে এই ধরনের নানা চিকিৎসা পদ্ধতির কথা সামাজিক যোগাযোগ মাধ্যমের বদৌলতে তত বেশি ছড়িয়ে পড়ছে। লবণ পানি দিয়ে গাল গরালেও করোনা ভাইরাস নির্মূল করা সম্ভব—এমন দাবিও করছেন করোনা ভাইরাস থেকে সুস্থ হয়ে ওঠা রোগীদের কেউ কেউ। তবে বিষয়টিকে এবার পরীক্ষার মাধ্যমে জানার চেষ্টা করছেন ব্রিটেনের এক দল গবেষক। লবণ পানি করোনা ভাইরাসের বিরুদ্ধে কার্যকরী কি না তা নিয়ে গবেষণা করছেন ইউনিভার্সিটি অব এডিনবার্গের বিশেষজ্ঞরা।

গবেষকরা বলছেন, লবণ পানি দিয়ে গাল গরাল করলে ঠান্ডা-কাশির লক্ষণ থাকলে ভালো কাজ করে। শরীর আরো বেশি খারাপ হওয়া থেকে বাঁচাতে পারে লবণ পানি দিয়ে গাল গরাল পদ্ধতি। তবে এখন তারা দেখার চেষ্টা করছেন, করোনা ভাইরাসে আক্রান্ত এবং মৃদু লক্ষণ থাকা রোগীদের ক্ষেত্রে এই পদ্ধতি ঠিকমতো কাজ করে কি না। এ লক্ষ্যে ইউনিভার্সিটি অব এডিনবার্গের বিশেষজ্ঞরা এই গবেষণার জন্য কিছু মানুষকে অন্তর্ভুক্ত করছেন। লবণ পানি দিয়ে গাল গরাল করলে তা শরীরের ভাইরাস প্রতিরোধী ক্ষমতাকে বৃদ্ধি করার চেষ্টা করে কি না মূলত সেটাই দেখতে চান তারা।

করোনা ভাইরাসের সঠিক চিকিতৎসা পদ্ধতিতে এখনো অনেকটা অন্ধকারে রয়েছেন বিজ্ঞানীরা। যাদের অবস্থা অনেক বেশি খারাপ হয়ে যাচ্ছে যাদের জন্য কিছু দিন আগে স্টেরয়েডধর্মী ডেক্সামেথাসন প্রয়োগে ভালো ফল পাওয়ার কথা বলেছেন চিকিৎসা বিজ্ঞানীরা। এছাড়া ইবোলা থেকে বাঁচতে ব্যবহৃত ওষুধ রেমডিসিভির ব্যবহারের কথাও বলছেন।

এই বাইরে মৃদু লক্ষণ থাকা রোগীদের জন্য উপসর্গ ভিত্তিক কিছু ওষুধ ব্যবহারের পরামর্শ দিচ্ছেন চিকিতৎকরা। তাই করোনা ভাইরাসের বিরুদ্ধে ভূমিকা রাখতে পারে এমন সব পদ্ধতির দিকেই মনোযোগ দিচ্ছেন গবেষকরা। মূলত গত বছর ইএলভিআইএস ট্রায়ালে ঠান্ডা-কাশির ক্ষেত্রে লবণ পানি দিয়ে গাল গরাল করার ফলাফল ইতিবাচক হওয়ার কারণেই এখন তারা করোনা ভাইরাসের ক্ষেত্রেও কোনো ভালো খবর পাওয়া যায় কি না সেটা নিয়ে এই গবেষণা করছেন।

ফুসফুসকেন্দ্রিক সমস্যার কারণে সাধারণত ঠান্ডা, কাশির মতো লক্ষণ

দেখা দেয়। আর করোনা ভাইরাস যেহেতু ফুসফুসের ওপর আক্রমণ করে এবং লবণ পানি ঠান্ডা-কাশির ক্ষেত্রে ভালো ফলাফল দিয়েছে। এ কারণেই এখন তারা এর মধ্যে কোনো যোগসূত্র পাওয়া যায় কি না সেটা জানতে এই গবেষণা করছেন। এডিনবার্গের এই গবেষকরা মনে করেন, লবণ পানি দিয়ে গাল গরাল করলে তা শরীরকে প্রাকৃতিক উপায়ে ভাইরাসের বিরুদ্ধে লড়াই করতে শক্তি যোগায়। তাদের মতে, লবণে হয়তো টক্সিক প্রভাব রয়েছে যা ভাইরাসের বিরুদ্ধেও কাজ করতে পারে।

এডিনবার্গ বিশ্ববিদ্যালয়ের উশার ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক আজিজ শেখ বলেন, আমরা এখন লবণ পানি দিয়ে গাল গরালের সঙ্গে করোনা ভাইরাসের কোনো সম্পর্ক আছে কি না তা জানার চেষ্টা করছি। এর জন্য করোনা পজিটিভ রোগী এবং সন্দেহজনক করোনা রোগীদের ওপর এই পদ্ধতি প্রয়োগ করে দেখা হবে। যদি এটি কার্যকরী প্রমাণিত হয় তাহলে তা করোনা ভাইরাসের বিরুদ্ধে লড়াইয়ে একটি সহজ ও ভালো উপায় হবে।-ডেইলি মেইল

সূত্র- ইত্তেফাক

বিরাটকে মাত্র ২১ দিন কাছে পেয়েছি, জানালেন আনুশকা শর্মা!

বিয়ের পর প্রথম ৬ মাস বিরাটের সঙ্গে মাত্র ২১ দিন কাটিয়েছি। আমি দিন গুনে রাখতাম। আর তাই যেটুকু সময় যে ক’টা দিন আমাদের দেখা হয়েছে সেই প্রতিটা মুহূর্ত ছিল আমার কাছে খুব দামি। সহজ স্বীকারোক্তি আনুশকা শর্মার।

বিয়ের পর তিনি এবং বিরাট কোহলি দু’জনেই পেশার জন্য খুব ব্যস্ত থাকতেন। দেখা বলতে ভরসা ছিল ভিডিও কল। কিংবা কখনও খুব শর্ট ট্রিপ। বিরাটের যেখানে খেলা থাকত সেখানে হয়তো আনুশকা কোনও রকমে একটা দিন ব্যবস্থা করে দেখা করতেন বা কখনও বিরাট পৌঁছে যেতেন আনুশকা শ্যুটিং স্পটে। কিন্তু এভাবে দু’জনেই হাঁপিয়ে উঠছিলেন।

সম্প্রতি একটি সাক্ষাৎকারে এমনটাই জানিয়েছেন আনুশকা শর্মা। তিনি

আরও জানান, ‘সকলেই ধরে নিতেন আমি যখন বিরাটের সঙ্গে দেখা করতে আসি বা ও যখন আমার সঙ্গে দেখা করতে যায় তা হল ছুটি। কিন্তু কাজের মাঝে ওভাবে ছুটি হয় না। কারণ আমরা টানা কাজ করে যেতাম। আমরা বিয়ের পর প্রথম ছ’মাস একসঙ্গে মোটে ২১ দিন থেকেছি। আমি গুনে দেখেছি। আর তাই যখন আমাদের দেখা হত তখন অন্তত একসঙ্গে লাঞ্চ বা ডিনারটা করবো সেটা তো খুবই স্বাভাবিক। এই প্রতিটা মুহূর্ত আমার কাছে ছিল খুব গুরুত্বপূরর্ণ।

আর তাই লকডাউনে এই প্রথম দু’জনে একসঙ্গে অনেকটা সময় কাটাতে পারলেন। আড্ডা, গল্প খাওয়া ইত্যাদি তো ছিলই। সেই সঙ্গে ক্রিকেট নিয়ে আলোচনা, একসঙ্গে ওয়েব সিরিজ দেখা সবই করেছেন। তাঁদের সোশ্যাল মিডিয়া পোস্টই এর প্রমাণ। এমনকি, এই লকডাউনে বিরাটের সঙ্গে ক্রিকেটও খেলেছেন আনুশকা

সেই সাক্ষাৎকারে বিরাট বলেন, আমরা প্রতিদিন একে অপরকে ভালোবাসি। আমাদের সম্পর্কে সবসময় প্রেমই প্রাধান্য পায়, পাচ্ছে এবং প্রেমই আমাদের সম্পর্ককে এমন ভালোবাসায় বেঁধে রেখেছে। আর তাই আমরা অনুভব করি মোটে এই কয়েকবছর নয়। জন্ম জন্মান্তর ধরে আমরা একে অপরকে চিনি আর ভালোবাসি।

সূত্র- বিডি-প্রতিদিন

গাংনীর বামন্দীতে শিশু ধষর্ণকারীর শাস্তির দাবিতে মানব বন্ধন

গাংনী উপজেলার বামন্দীতে ১১ বছরের শিশুকে নানা প্রলোভনে ও ভয় ভীতি দেখিয়ে ধর্ষণ করে বৃদ্ধ আক্কাস আলী। ধর্ষক আক্কাস আলী আটক হলেও এমন জঘন্য অপরাধের জন্য তার কঠোর শাস্তির দাবি জানিয়ে মানব বন্ধন করেছে উপজেলার সচেতন জনসাধারণ।

বৃহস্পতিবার বিকেলে গাংনী প্রেসক্লাবের সামনে এ মানব বন্ধনের

আয়োজন করে বিভিন্ন শ্রেণিপেশার মানুষ। মানব বন্ধনে ধর্ষিতার বাবার সভাপতিত্বে ও জেলা কৃষকলীগ নেতা মশিউর রহমান পলাশের পরিচালনায় ধর্ষকের বিচার দাবিতে বক্তব্য রাখেন, মেহেরপুর জেলা মটর শ্রমিক ইউনিয়নের লাইন সম্পাদক মনিরুল ইসলাম মনি, গাংনী বাজারের প্রতিবাদী মুখ বিপুল জাহিদ, জাহিদুল ইসলাম জাহিদ, ফজলুর রহমান ও সাবেক ছাত্রনেতা মশিউর রহমান প্রমুখ।

মানব বন্ধনে বিপুল জাহিদ নামের এক সমাজসেবক বলেন, আইনজীবিরা যখন একজন ধর্ষকের পক্ষে দারায় তখন আমাদের কষ্ট হয়। সাধারণ মানুষ হিসেবে আমাদের প্রত্যাশা এসব জঘণ্য মানুষের পক্ষে কোন আইনজীবি দারাবে না। ধর্ষণের পক্ষে উকালতি না করার জন্য অনুরোধ জানিয়েছেন তিনি। কারণ ধর্ষক কখনো ক্ষমা পাওয়ার কথা নয়। তারপরেও একজন বয়স্ক মানুষ কিভাবে একটি কমলমতি শিশুর জীবনকে শেষ করে দেয়। আর এমন অমানুষের পক্ষে কিভাবে জামিনদার হয়ে কোর্টে হাজির হয় আইনজীবি।

মানব বন্ধনে অন্য বক্তারা বলেন, এমন ধর্ষণের ঘটনা যেন গাংনীতে আর না ঘটে তার জন্য প্রয়োজন এই ধষর্কের দৃষ্টান্ত মূলক শাস্তি। আর কঠোর শাস্তির মাধ্যমে পুলিশ-প্রশাসনকে সাধারণ মানুষকে জানান দিতে হবে সর্বাঙ্গে মানুষের নিরাপত্তা। পুলিশ-প্রশাসন সব সময়ে মানুষের নিরাপত্তায় নিয়োজিত এটা প্রমাণে এসব ধর্ষকদের দ্রুত আইনে বিচার করতে হবে । যাতে করে আর কোন মানুষ এমন ন্যাক্কার জনক ঘটনা না ঘটনাতে পারে।